

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি

রংপুর অফিস

০৩ ডিসেম্বর, ২০২৪

০০:০০

শেয়ার

অ +

অ -



নতুন উপাচার্য পেল কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়। ঢাকা শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কীটতত্ত্ব বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপক ড. মুহা. রাশেদুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে উপাচার্য হিসেবে। গতকাল সোমবার দুপুরে রাষ্ট্রপ্রতির আদেশক্রমে এই প্রজ্ঞাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়। বিষয়টি নিশ্চিত করেন শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব শাহীনুর ইসলাম।

অধ্যাপক ড. মুহা. রাশেদুল ইসলাম এই বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় উপাচার্য হিসেবে নিয়োগ পেলেন। প্রথম উপাচার্য ছিলেন ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জাকির হোসেন।